

ট্রাফিক লাইট

খন্দকার জাহিদ হাসান

ট্রাফিক লাইট তার হাস্যোজ্জ্বল সবুজ মুখ ফিরিয়ে থাকে আমার দিক থেকে
আর রাগে লাল হয়ে যাওয়া তার কয়েকটি চোখ
কটমট করে তাকিয়ে বলতে থাকে আমাকে,
"এই ছোকরা, এখন তোমার যাওয়া বারণ-
তোমার যাওয়ার পালা আসবে শিগগির
ততোক্ষণ একটু ঘুমিয়ে নিতে পারো
চাই কি এই ফাঁকে সেলফোনে খবর নিতে পারো
এই মুহূর্তে তোমার প্রেমিকা ঠিক কোথায় রয়েছে এবং কি করছে
তোমার আসন্ন আঠাশতম জন্মদিনে কোন্ পোশাকটা পরে
তোমার সাথে খেতে যাবে সে, হয়তো সেই ভাবনায় ও এখন ডুবে আছে।"

এই মুহূর্তে আমার গন্তব্য হলো নগরীর বিশাল অডিটোরিয়াম
বিশ্বের নামীদামী সব বাদকের কনসার্টে আমাকে বাজাতে হবে বেহালা
কিন্তু এইমাত্র আমার যাবার পথ লাল আলোতে বন্ধ হয়ে গেছে
সেই ফাঁকে সবুজ বাতির অন্য পথ ধরে এই বিশ্বের প্রায় সবাই ছুটে চলেছে
ঐ যে এক তরুণী ঠোঁটের লিপস্টিক আপডেট করতে করতে সাঁ করে চলে গেল
দানবদেহী একজন মানব বিকট শব্দে ভট্‌ভটি মোটর-বাইকে উধাও হয়ে গেল
এক বুড়ো চলমান গাড়ী বহরের সাথে তাল মেলাতে গিয়ে ক্রমাগত হর্ণ খেয়ে চলেছে
ঐ তো এক টগ্‌বগে রেড পি-প্লেটার রাস্তাটাকে ভিডিও গেমের অংশ ঠাউরে
সব্বাইকে পেরিয়ে যাবার ব্যর্থ চেষ্টা চালাচ্ছে
মাঝবয়সী এক হ্যান্ডিম্যান ইউট চালাতে চালাতে সেলফোনে কথা বলছে।

অপেক্ষার পালা শেষ হতে চলল বুঝি
বার বার ভেঙ্গে যাওয়া ধৈর্যের বাঁধ আজকাল আর মেরামত করতে ইচ্ছে করে না
লাল ট্রাফিক লাইট বজ্রদৃষ্টি হেনে বলতে থাকে আমাকে,
"কি ব্যাপার, অতো উতলা হওয়ার কি আছে?
বললাম তো 'শিগ্রী' আমি সবুজ হয়ে যাব!
ততক্ষণ বসে বসে আজকের সারা দিনের কর্মসূচী মনে মনে ঠিক করে নাও।"

অপর দিকের সবুজ আলোতে উদ্ভাসিত পথে জীবনের স্রোত বয়ে চলেছে
ঐতো হিটলারের নাৎসি সাঁজোয়া বহর
ক্রুদ্ধ হুংকারে হলোকস্টের উৎকট গন্ধ ছড়াতে ছড়াতে চলে গেল

অতঃপর আনন্দে আত্মহারা জনতার বিজয় মিছিল
আকাশে বাতাসে গোলাপের সুগন্ধ ছড়িয়ে দূরে হারিয়ে গেল
তারপর চেরাগ হাতে আলাদিন সবাইকে তাক লাগিয়ে দিয়ে
তার যাদুকরি চাদরে চেপে বাতাসে ভেসে চলে গেল
এর পর সেই পথে এক পশলা বৃষ্টি ঝরিয়ে
শ্রাবণের কালো কালো মেঘ-বালিকারা হাসিতে কুটিপাটি হয়ে মিলিয়ে গেল
সেই সাথে পরক্ষণেই আমার সুন্দর শৈশব খেলনা-হাতে ঐ পথে হারিয়ে গেল!

ট্রাফিক লাইট লাল চোখে কটমট করে চেয়েই থাকে
ইতিমধ্যে প্রায় সকল পাথয়ে শেষ হয়ে গেছে
ইতিমধ্যে সারা বিশ্ব জুড়ে তীব্র জ্বালানি সংকট দেখা দিয়েছে
ফোর টুয়েন্টি গিগাবাইটের বিনিময়ে ইতিমধ্যে সকল রবীন্দ্র-সংগীত শোনা হয়ে গেছে
সাড়ে সাত বিলিয়ন বিশ্ববাসীর অল্প যোগাতে কৃষকের গোলার সব শস্য ফুরিয়ে গেছে।

ট্রাফিক লাইট দিনদিন হয়তো বড্ড দুর্নীতিবাজ হয়ে উঠছে
সবুজ বাতির বিনিময়ে সে বোধহয় মোটা অংকের উৎকোচ চায় আমার কাছে-
এবং আমার সাথে অপেক্ষারত অন্যান্য সকলের কাছে
বিনিময়ে সে কি দিতে চায়, ঠিক জানি না তা-
হয়তো সমগ্র মানবসভ্যতার বিনিময়ে সে দিতে চায় সামনে এগোনের সামান্য সুযোগ?

হলোকস্টের বিশ্রী গন্ধটা এখনো চারিদিকে ছড়িয়ে রয়েছে
হঠাৎ দুর্গন্ধটা যেন বাড়তে থাকল
আমার পাশের লেনের মেয়েটি তার গাড়ীর ভেতর
প্রাণপণে এয়ার ফ্রেশনার স্প্রে করতে শুরু করল
ভয়ানক সন্দেহ উঁকি দিল মনে, আরেকটা হলোকস্ট এগিয়ে আসছে নাতো!
আসলেই কি আসছে এগিয়ে?

ট্রাফিক লাইট হঠাৎ করেই সবুজ হয়ে গেল
আর সামান্য মানবসভ্যতার বিনিময়ে
সামনে এগোনের বিশাল সুযোগটা হঠাৎই যেন হাতের মুঠোতে চলে এল
সেই মুহূর্তে প্রাচ্যের দূর আকাশে অনন্ত ক্ষুধা নিয়ে জমা হচ্ছিল যৌনতার মেঘ
আর বানর-গ্রহের সকল বানর সমাজতন্ত্রের নতুন সংজ্ঞা নিয়ে
মাথা ঘামাতে গোল টেবিলে পাশাপাশি বসে গিয়েছিল
ওদিকে বহুল কাঙ্ক্ষিত সবুজ বাতি পেরিয়ে যেতেই মনে পড়ে গেল আমার,
"হায় হায়, বেহালাটাই তো নিতে ভুলে গেছি!"

ফের বাসা অভিমুখে ফিরতেই হলো
ধৈর্যের বাঁধ ভাঙ্গা পুরোপুরিভাবে নিষেধ এই ঘোর কলিকালে
তবে ধৈর্যের বাঁধ ভাঙ্গেও না আর মোটে
মহামানব হয়ে যেতে আর বোধ হয় বেশী দেরী নেই।

